

# বাংলাদেশ নৌবাহিনীতে যোগ দিন

## বি-২০২৬ ব্যাচে নৌবাহিনীর টেকনিক্যাল শাখায় ডাইরেক্ট এন্ট্রি সেইলরস ফর ডকইয়ার্ড ভর্তি কার্যক্রম

**(শুধুমাত্র অনলাইনে আবেদন গ্রহণ করা হবে)**

www.prebd.com

১। পদের নাম, ট্রেড ও সংখ্যা।

| শাখার নাম | পদের নাম | ট্রেড | সংখ্যা |
|---|---|---|---|
| ইঞ্জিনিয়ারিং | ডিই/এমই-২ | ক। প্লাম্বিং এন্ড পাইপ ফিটিং<br>খ। মেশিনিস্ট<br>গ। ডিজেল মেকানিক<br>ঘ। পাম্প এন্ড কম্প্রেসর মেকানিক্স<br>ঙ। ওয়েলডিং এন্ড ফেব্রিকেশন<br>চ। রেফ্রিজারেশন এন্ড এয়ার কন্ডিশন | ১০জন |
| শিপরাইট | ডিই/এমই-২(এস) | ক। কার্পেন্ট্রার<br>খ। প্লাম্বিং এন্ড পাইপ ফিটিং | ২ জন |
| ইলেকট্রিক্যাল | ডিই/ইএন-২ | জেনারেল ইলেকট্রিশিয়ান | ৬ জন |
| রেডিও ইলেকট্রিক্যাল | ডিই/আরইএন-২ | জেনারেল ইলেকট্রনিক্স | ৬ জন |
| অর্ডন্যান্স | ডিই/ইএন-২ (অর্ডন্যান্স) | ইলেকট্রিক্যাল/ ইলেকট্রনিক্স | ১ জন |

২। উপযুক্ততা।

ক। **শিক্ষাগত যোগ্যতা**। এসএসসি (বিজ্ঞান)/সমমানসহ সরকার অনুমোদিত প্রতিষ্ঠান হতে সংশ্লিষ্ট ট্রেডে ০৬ মাসের ট্রেড কোর্সধারী অথবা সংশ্লিষ্ট ট্রেডে এসএসসি (ভোকেশনাল)।

খ। **জিপিএ**। জিপিএ ন্যূনতম ৩.০০।

গ। **অভিজ্ঞতা**। সংশ্লিষ্ট ট্রেডে ০৬ মাসের চাকুরির বাস্তব অভিজ্ঞতা।

ঘ। **বয়স**। ০১ জুলাই ২০২৬ তারিখে ১৭-২৫ বৎসরের মধ্যে হতে হবে।

ঙ। **বৈবাহিক অবস্থা**। বিবাহিত/ অবিবাহিত।

চ। বাংলাদেশী পুরুষ নাগরিক।

ছ। সাঁতার জানা অত্যাবশ্যক।

৩। শারীরিক যোগ্যতা (ন্যূনতম) সকল পদের জন্য।

ক। উচ্চতা ঃ ১৬২.৫ সেঃ মিঃ (৫'-৪")।
খ। বুকের মাপ ঃ ৭৬-৮১ সেঃ মিঃ (৩০"-৩২") সম্প্রসারণ ৫ সেঃ মিঃ (২")।
গ। ওজন ঃ বয়স ও উচ্চতা অনুযায়ী।
ঘ। চোখের দৃষ্টি ঃ ৬/৬।

৪। অযোগ্যতা।

ক। বাংলাদেশ বা অন্য কোন দেশে প্রচলিত বলবৎযোগ্য কোন আইন ও বিধির অধীনে গ্রেফতার, দোষী সাব্যস্ত, বন্দী, আটক অথবা কোন মামলায় অভিযুক্ত হয়ে কোন বিচারালয়ে বিচারাধীন থাকলে। খ। সশস্ত্র বাহিনী অথবা সরকারি চাকরি থেকে অপসারিত/বহিষ্কৃত হলে। গ। দ্বৈত নাগরিকত্ব। ঘ। সশস্ত্র বাহিনীর বুনিয়াদী প্রশিক্ষণ চলাকালীন স্বেচ্ছায় চাকরি ত্যাগ করলে।

৫। প্রয়োজনীয় দলিলপত্র।

ক। **শিক্ষাগত যোগ্যতার সনদপত্র**।

(১) এসএসসি (বিজ্ঞান)/ সমমান এবং এসএসসি (ভোকেশনাল) পাশ প্রার্থীদের মূল অথবা শিক্ষাবোর্ড কর্তৃক ইস্যুকৃত সাময়িক সনদপত্র/১ম শ্রেণির গেজেটেড অফিসার কর্তৃক মূল/সাময়িক সনদপত্রের সত্যায়িত ফটোকপি। (২) মূল মার্কশিট/১ম শ্রেণির গেজেটেড অফিসার কর্তৃক মূল মার্কশিটের সত্যায়িত ফটোকপি এবং শিক্ষা প্রতিষ্ঠান প্রধান কর্তৃক স্বাক্ষরিত প্রশংসাপত্র/১ম শ্রেণির গেজেটেড অফিসার কর্তৃক মূল প্রশংসাপত্রের সত্যায়িত ফটোকপি এবং মূল রেজিস্ট্রেশন কার্ড ও এডমিট কার্ড। (৩) কোন কারণে যারা মূল কাগজপত্র দিতে অপারগ হবে, তারা ভর্তি হওয়ার সময় ফটোকপি (১ম শ্রেণির গেজেটেড অফিসার কর্তৃক সত্যায়িত) জমা দিলে চলবে। তবে নবীন নাবিক প্রশিক্ষণ বিদ্যালয়, বানৌজা শের-ই-বাংলা, লালুয়া, কলাপাড়া, পটুয়াখালীতে প্রশিক্ষণের জন্য যোগদানের সময় অবশ্যই মূলকপি জমা দিতে হবে। (৪) ট্রেড কোর্স সনদপত্র (মূল কপি) (প্রযোজ্য ক্ষেত্রে)। (৫) চাকুরির অভিজ্ঞতা সনদপত্র যা স্ব স্ব প্রতিষ্ঠানের প্রধান কর্তৃক স্বাক্ষরিত।

খ। **জাতীয়তা ও চরিত্রগত সনদপত্র**। স্ব-স্ব ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র অথবা চেয়ারম্যান/ওয়ার্ড কাউন্সিলর বা কমিশনারের নিকট হতে গৃহীত জাতীয়তা ও চরিত্রগত সনদপত্র (বৈবাহিক অবস্থা ও স্থায়ী বাসস্থানের উল্লেখ থাকতে হবে)।

গ। **জন্ম নিবন্ধন/জাতীয় পরিচয় পত্র**। ১ম শ্রেণির গেজেটেড অফিসার/চেয়ারম্যান/ওয়ার্ড কাউন্সিলর/কমিশনার কর্তৃক প্রার্থীর জন্ম নিবন্ধন অথবা জাতীয় পরিচয় পত্র এবং পিতা ও মাতার জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত কপি।

ঘ। **অভিভাবকের সম্মতিপত্র**। অভিভাবকের সম্মতিপত্র, ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র অথবা চেয়ারম্যান/ওয়ার্ড কাউন্সিলর বা কমিশনার কর্তৃক প্রতিস্বাক্ষরিত হতে হবে।

ঙ। **ছবি**। সদ্য তোলা পাসপোর্ট আকারের প্রার্থীর নিজের ১৫ (পনের) কপি, পিতার ১ কপি এবং মাতার ১ কপি রঙিন ছবি (ল্যাব প্রিন্ট) প্রথম শ্রেণির গেজেটেড অফিসার কর্তৃক সত্যায়িত হতে হবে।

চ। **ছাড়পত্র**। চাকরিরত প্রার্থীগণের নিয়োগকারী কর্তৃপক্ষের নিকট হতে প্রাপ্ত ছাড়পত্র আনতে হবে।

ছ। **টিএ/ডিএ**। ভর্তি কেন্দ্রে আগত প্রার্থীদের কোন প্রকার টিএ/ডিএ দেয়া হবে না। প্রাথমিকভাবে বাছাইকৃত প্রার্থীদের পরবর্তীতে লিখিত পরীক্ষা, চূড়ান্ত স্বাস্থ্য পরীক্ষা, ব্যবহারিক ও মৌখিক পরীক্ষা শেষে চূড়ান্ত নির্বাচনের জন্য ন্যূনতম ৫/৬ দিন নিজ খরচে খুলনা এবং মোংলায় অবস্থান করতে হবে।

৬। অনলাইন আবেদন পদ্ধতি।

Direct Entry Sailor for Dockyeard পদে আবেদনকারী প্রার্থীগণকে www.joinnavy.navy.mil.bd ওয়েবসাইটে প্রবেশ করে Home Page এ Apply Now/ Check Now এ ক্লিক করে প্রথমেই প্রার্থীকে ওয়েব সাইটে Sign Up/Sign In করে প্রাক্‌যোগ্যতা যাচাইকরতঃ নাবিক এর শাখা ভিত্তিক Job Description (দায়িত্ব ও কর্তব্য) জেনে Apply Now বাটনে ক্লিক করতে হবে। এরপর প্রার্থীকে ব্যাংকিং/মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে পেমেন্ট সম্পন্ন করতে হবে। এ পর্যায়ে প্রার্থীগণ যে কোন ব্যাংক কর্তৃক প্রদত্ত ক্রেডিট/ডেবিট কার্ড (যেমনঃ Visa, Master Card, American Express, Nexus) এবং মোবাইল ব্যাংকিং (যেমনঃ বিকাশ, নগদ, রকেট, TAP, OK wallet) ইত্যাদির মাধ্যমে ৩০০/০০ (টাকা তিনশত) টাকার (অফেরতযোগ্য) আবেদন ফি প্রদান করতে পারবেন। পেমেন্ট Successfully Complete হওয়ার পর নির্দেশনা অনুসরণ করতঃ সঠিক তথ্য দিয়ে Online আবেদন ফরমটি পূরণ করতে হবে। পূরণকৃত ফরমটি সঠিক আছে কিনা পুনরায় যাচাই করে সকল তথ্য সঠিক থাকলে 'জমা দিন ' বাটনে ক্লিক করে 'নাবিক-২' ফরমটি ডাউনলোড ও প্রিন্ট করে পরবর্তীতে এই বিজ্ঞাপনে প্রদত্ত তারিখ ও সময় অনুযায়ী নির্দিষ্ট কেন্দ্রে অন্যান্য প্রয়োজনীয় কাগজপত্রসহ উপস্থিত থাকতে হবে। যদি কোন প্রার্থী উক্ত আবেদন পত্রটি ডাউনলোড করতে ব্যর্থ হয় তবে ওয়েব সাইটে পুনরায় Sign In করে আবেদন পত্রটি ডাউনলোড ও প্রিন্ট করা যাবে।

৭। ভর্তি পদ্ধতি।

বিজ্ঞপ্তি মোতাবেক অনলাইন ফর্মে উল্লিখিত সকল সার্টিফিকেট/কাগজপত্রসহ ভর্তি কেন্দ্রে নির্ধারিত তারিখে আবেদনকৃত শাখা ও ট্রেড অনুযায়ী উপস্থিত হতে হবে। প্রার্থীর সকল কাগজপত্র সঠিক পাওয়া গেলে মনোনীত প্রার্থীদের প্রাথমিক বাছাই ও লিখিত পরীক্ষা নির্দিষ্ট তারিখ ও সময়ে শাখা মোতাবেক অনুষ্ঠিত হবে। পরবর্তী সময়ে লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের চূড়ান্ত স্বাস্থ্য পরীক্ষা এবং চূড়ান্ত স্বাস্থ্য পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের ব্যবহারিক পরীক্ষা ও চূড়ান্ত মৌখিক পরীক্ষা অনুষ্ঠিত হবে।

৮। চাকুরির সুবিধাদি।

ক। বেতন ও ভাতা। সরকার কর্তৃক নির্ধারিত অন্যান্য সুবিধাদিসহ সশস্ত্র বাহিনীর বেতনক্রম অনুযায়ী বেতন ও ভাতাদি প্রাপ্য হবে।

খ। অন্যান্য। (১) বিনামূল্যে ইউনিফর্ম, থাকা, খাওয়া ও চিকিৎসার সুবিধা। (২) পারিবারিক রেশন সুবিধা। (৩) অবসর গ্রহণকালে অবসর ভাতা এবং গ্র্যাচুইটির সুবিধা। (৪) চাকরিকালীন যোগ্যতার ভিত্তিতে নন-কমিশন্ড অফিসার, জুনিয়র কমিশন্ড অফিসার এবং বিশেষ যোগ্যতার ক্ষেত্রে কমিশন্ড অফিসার পদে পদোন্নতির সুযোগ। (৫) চাকরিকালীন অবস্থায় মৃত্যুবরণ করলে অথবা পঙ্গু হলে পদবিভিত্তিক বীমা সুবিধা এবং পরিবারের জন্য বেনেভোলেন্ট ফান্ডের আর্থিক সুবিধা। (৬) বিদেশে প্রশিক্ষণ, নৌবাহিনীর জাহাজে বিদেশে শুভেচ্ছা সফর, বিদেশ থেকে জাহাজ আনয়ন ও জাতিসংঘ শান্তিরক্ষা মিশনে বিদেশ ভ্রমণের মাধ্যমে আর্থিক স্বচ্ছলতা অর্জনের সুযোগ। (৭) বিদেশে বাংলাদেশ দূতাবাসসমূহে নিয়োগ প্রাপ্তির সুযোগ। (৮) নিরাপদ ও মনোরম পরিবেশে মানসম্পন্ন সুসজ্জিত বাসস্থান প্রাপ্তি। (৯) সামরিক হাসপাতালসমূহে উন্নতমানের চিকিৎসা সুবিধা ও দুরারোগ্য ব্যাধিতে উন্নত চিকিৎসার প্রয়োজন হলে নগদ অর্থ প্রদানসহ বিদেশে পাঠানোর ব্যবস্থা ইত্যাদি।

৯। যেসব জেলার লোক ভর্তি করা হবে। সকল জেলার জন্য উন্মুক্ত।

১০। বিশেষ দ্রষ্টব্য।

ক। নির্বাচিত প্রার্থীগণকে রিক্রুটিং টিম কর্তৃক নির্দেশিত তারিখে (পরিবর্তনযোগ্য) বানৌজা শের-ই-বাংলা, লালুয়া, কলাপাড়া, পটুয়াখালীতে যোগদান করতে হবে।

খ। নাবিক ভর্তির লক্ষ্যে ভূমিহীন নাবিকদের মধ্যে যারা ভাড়া বাসায় সরকারি খাস জমির উপর নির্মিত বসতবাড়ীতে বসবাস করে তাদের সংশ্লিষ্ট প্রশাসন (উপজেলা নির্বাহী কর্মকর্তা/ইউনিয়ন পরিষদ/কাউন্সিলর) হতে ভূমিহীন হিসেবে প্রত্যয়নপত্র নিতে হবে।

গ। মিথ্যা তথ্য প্রদান ও ঠিকানা জালিয়াতি করে কেউ ভর্তি হলে তার বিরুদ্ধে নৌবাহিনীর আইন মোতাবেক কঠোর শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে।

ঘ। ভর্তি কেন্দ্রে প্রার্থীদের মোবাইল, ঘড়ি ও যেকোন ধরনের ইলেকট্রনিক গেজেট আনা যাবে না।

ঙ। নিজ জেলা হতে অন্য জেলায় স্থানান্তরিত হয়ে স্থায়ী বাড়ীসহ বসবাসকৃতদের সংশ্লিষ্ট উভয় এলাকার ইউনিয়ন পরিষদ/পৌরসভা/সিটি কর্পোরেশন হতে নাগরিকত্ব সনদ/স্থানান্তরিত হওয়ার সনদ আনতে হবে।

চ। জনসমাগম এড়ানোর লক্ষ্যে প্রার্থীদের কোনো অভিভাবকের ভর্তি কেন্দ্রে আগমন সম্পূর্ণ নিষিদ্ধ।

ছ। প্রার্থীদের ভর্তি পরীক্ষার ফলাফলের ভিত্তিতে শাখা নির্ধারিত হবে বিধায় আবেদনকৃত শাখাই চূড়ান্ত নয়।

**ডাইরেক্ট এন্ট্রি সেইলরস্ ফর ডকইয়ার্ড ভর্তি কার্যক্রম**

| কেন্দ্রের নাম | পরীক্ষার তারিখ ও সময় | পরীক্ষা |
|---|---|---|
| বানৌজা তিতুমীর শহর খালিশপুর, খুলনা। | ৭ ও ৮ জুন ২০২৬ (সকাল ০৮০০ ঘটিকা) | প্রাথমিক বাছাই |
| | ৯ জুন ২০২৬ (সকাল ০৮০০ ঘটিকা) | লিখিত পরীক্ষা |
| | ১০ জুন ২০২৬ (সকাল ০৮০০ ঘটিকা) | চূড়ান্ত স্বাস্থ্য পরীক্ষা |
| বানৌজা মোংলা দিগরাজ, মোংলা, বাগেরহাট। | ১১ জুন ২০২৬ (সকাল ০৮০০ ঘটিকা) | ব্যবহারিক ও মৌখিক পরীক্ষা |

**স্থায়ী স্বাস্থ্য সমস্যার জন্য একাধিকবার অযোগ্য বিবেচিত প্রার্থীগণকে আবেদন না করার জন্য অনুরোধ করা হলো।**

হুঁশিয়ারি

**বাংলাদেশ নৌবাহিনীতে ভর্তির ব্যাপারে প্রতারকের কবল থেকে সতর্ক থাকুন**

* কোন ব্যক্তি চাকরি দেয়ার নিশ্চয়তা দিয়ে আপনার নিকট টাকা দাবি করলে নিশ্চিত জেনে রাখুন আপনি প্রতারিত হচ্ছেন।
* নৌবাহিনীতে আর্টিফিসার ও নাবিক ভর্তি কেবলমাত্র সংবাদপত্রে প্রকাশিত তারিখ ও স্থান অনুযায়ী নৌ রিক্রুটিং টিমের মাধ্যমেই হয়ে থাকে- বিচ্ছিন্ন কোন স্থান, সময় বা ব্যক্তিবর্গের মাধ্যমে নয়।
* প্রাথমিক বাছাই, লিখিত পরীক্ষা, ব্যবহারিক ও মৌখিক পরীক্ষা, চূড়ান্ত নির্বাচন ভর্তি স্থানে সকলের সম্মুখেই অনুষ্ঠিত হয়-এ প্রক্রিয়ায় কোন প্রকার আর্থিক লেনদেনের সুযোগ নেই।
* যদি কোন ব্যক্তি সংবাদপত্রে প্রকাশিত তারিখ ও স্থান ব্যতীত অন্য কোন স্থান বা তারিখে নিয়োগ প্রদান করতে চায় তবে নিশ্চিতভাবে জেনে রাখুন আপনি প্রতারিত হচ্ছেন।
* প্রতারক সম্পর্কে সুনির্দিষ্ট অভিযোগ রিক্রুটিং অফিসারকে অথবা নিকটস্থ নৌ ঘাঁটির নৌ পুলিশকে অথবা টেলিফোন নম্বর ০২-৯৮৩৬১৪১-৯ বর্ধিত ২১৪৭ অথবা ০১৭৬৯-৭০২১৪৫ এ অবহিত করুন।
* যে কোন প্রকার সুপারিশ অযোগ্যতা হিসেবে বিবেচিত হবে।

পরিচালক
পার্সোনেল সার্ভিসেস পরিদপ্তর
নৌবাহিনী সদর দপ্তর, বনানী, ঢাকা ১২১৩
ফোন : ০২-৯৮৩৬১৪১-৯ বর্ধিত ২২১৫।
হেল্প লাইন : ০৯৬১৩৪৬২২১৫ (০৮০০-১৪৩০ ঘটিকা)
০১৭৬৯৭০২২১৫ (০৮০০-২০০০ ঘটিকা)

**অনলাইনে আবেদনের তারিখ ০৩ মে হতে ২৩ মে ২০২৬** বিস্তারিত জানতে ভিজিট করুন www.joinnavy.navy.mil.bd

CamScanner